দৈনিক বাংলা

তারিখ ... 30 JUN 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

12

দুই লাখ ২৮,৭৫৩ জন পরীক্ষার্থী

# আজ যশোর ও কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষা শুরু

আজ থেকে যশোর ও কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষা শুরু হচ্ছে। গত ২৯শে এপ্রিল ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসের কারণে এ দুটি বোর্ডের এসএসসি পরীক্ষা স্থগিত রাখা হয়।

দুটি বোর্ড থেকে এ বছর মোট দুই লাখ ২৮ হাজার ৭৫৩ জন ছাত্র/ছাত্রী পরীক্ষায় অংশ নিচ্ছে। এর মধ্যে ৯৮ হাজার ৫১৩ জন যশোর বোর্ডের এবং এক লাখ ৩০ হাজার ২৪০ জন কুমিল্লা বোর্ডের। যশোর বোর্ডে কেন্দ্রের সংখ্যা ১০৫টি এবং কুমিল্লা বোর্ডে কেন্দ্রের সংখ্যা ১৩১টি। এছাড়া সৌদী আরবেও কুমিল্লা বোর্ডের একটি কেন্দ্র রয়েছে। যশোর বোর্ডের চেয়ারম্যান এবং কুমিল্লা বোর্ডের কন্ট্রোলার গতকাল পৃথক পৃথকভাবে একথা

(শেষ পৃঃ ৩–এর কঃ দ্রঃ)

## পরীক্ষা শুরু

(প্রথম পৃষ্ঠার পর)

জানান। খবরবাসসর।

এর আগে গত ২রা মে ঢাকা ও রাজশাহী বোর্ডের এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

দুটি বোর্ডের অন্যান্য স্থানের মত সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের জন্য ঘূর্ণিদুর্গত এলাকায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

দুই বোর্ডের দুই কর্মকর্তা জানান, ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসে ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলো মেরামত করা হয়েছে।

ঘূর্ণিদুর্গত এলাকায় ক্ষতিগ্রস্ত বা পরীক্ষা অনুষ্ঠানের মত অযোগ্য কেন্দ্রের ক্ষেত্রে বিকল্প ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।